# Sanatan Dharma

---

**ভাব ছাড়া কি কর্ম বা সাধনা করা যায় ?**

ভাব ছাড়া কি কর্ম বা সাধনা করা যায় ?
উত্তর :-
আমরা যখন সৃষ্টির প্রথমে পরমাত্মা থেকে দূরে যে গতি(যাকে শাস্ত্রে দুর্গতি বলে) সেটা আমরা যখন হয়ে অতি সুক্ষ জীবাত্মা হয়েছিলাম , তখন সেই পরমাত্মায় কে কি ভাবে পরে আবার যুক্ত হয়ে পূর্ণ মোক্ষ পাবে - সেই গোপন রহস্য প্রত্যেকের কারণ শরীরের মধ্যে অতি সংগোপনে থাকে -তাকেই একমাত্র মূল " স্বভাব" বলে i আর এই " স্বভাবকেই " পরবর্তী কালে অক্ষর সংক্ষিপ্ত আকারে "ভাব " বলে অর্থাৎ " স্বভাব= ভাব " l যাহা জীবাত্মার স্বরূপ বা ভাবগতি বলে যাহা মন , বুদ্ধি এর অতীত l
তাই ভাব ছাড়া প্রকৃত কোনো কর্ম বা সাধনা কোনোটাই হয় না l
শাস্ত্রে আছে "যাদৃশী ভাবনা সিদ্ধি তাদৃশী " অর্থাৎ - যার যেমন ভাব তার তেমনি লাভ ( সিদ্ধি ) l
অর্থাৎ ভাব অনুসারেই কর্ম -জীবন-ধর্ম-সাধনা-সিদ্ধি হয় l ভাবই সব কিছুর মূল -এটা সকাম ও নিষ্কাম ভেদে জন্মান্তর বা মোক্ষ হয় l
তাই ভাব ছাড়া প্রকৃত কোনো কর্ম বা সাধনা কোনোটাই হয় না l

Published on: Nov, 10 2023 09:25